গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
জাতীয় রাজস্ব বোর্ড

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ /০৩ জুন, ২০২১ খ্রিষ্টাব্দ।

এস. আর. ও. নং-১৬৪-আইন/আয়কর/২০২১।- Income tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার ফল প্রক্রিয়াজাতকরণ, শাক-সবজি প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন, শিশু খাদ্য উৎপাদন এবং কৃষিযন্ত্র উৎপাদন হইতে অর্জিত আয়ের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় আয়কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাণিজ্যিক উৎপাদনের প্রথম ১০ (দশ) বৎসর সম্পূর্ণভাবে কর অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি

(১) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সালের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত হইতে হইবে;

(২) উৎপাদনকারী প্রতিষ্ঠানকে বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধিত হইতে হইবে এবং অন্যূন এক কোটি টাকা বিনিয়োগ করিতে হইবে;

(৩) ফল প্রক্রিয়াজাতকরণ, শাক-সবজি প্রক্রিয়াজাতকরণ, দুগ্ধ ও দুগ্ধজাত পণ্য উৎপাদন এবং শিশু খাদ্য উৎপাদনের মূল কাঁচামাল সম্পূর্ণভাবে দেশে উৎপাদিত হইতে হইবে;

(৪) "কৃষিযন্ত্র" বলিতে শস্য উৎপাদনে বা যেকোনো প্রকারের ফার্মিং এ ব্যবহৃত হইতেছে বা হইবে এমন জ্বালানি বা বিদ্যুৎ চালিত যন্ত্রকে বুঝাইবে;

(৫) কৃষিযন্ত্র উৎপাদনকারী প্রতিষ্ঠানের নিজস্ব কারখানায় অন্যূন ৩০ (ত্রিশ) শতাংশ মূল্য সংযোজিত করিতে হইবে;

(৬) অস্বাস্থ্যকর কারখানা পরিবেশের কারণে কিংবা অস্বাস্থ্যকর বা মানহীন খাদ্য উৎপাদনের কারণে কোনো বৎসরে কোনো সরকারি কর্তৃপক্ষ কর্তৃক জরিমানা আরোপিত হইলে উক্ত বৎসরের জন্য এই প্রজ্ঞাপনের সুবিধা বাতিল হইবে;

(৭) এই প্রজ্ঞাপনের অধীন অনুমোদিত প্রতিষ্ঠানকে উক্ত Ordinance এর বিধানাবলি পরিপালন করিতে হইবে;

(৮) এই প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন ব্যবসা হইতে অর্জিত আয় ব্যতিরেকে অন্যান্য সকল প্রকার আয়ের ক্ষেত্রে এই প্রজ্ঞাপনের সুবিধা প্রযোজ্য হইবে না;

(৯) এই প্রজ্ঞাপনে বর্ণিত উৎপাদন ব্যবসায় যথারীতি বিদ্যমান কোনো ব্যবসা হইতে বিচ্ছিন্ন হইয়া বা পুনর্গঠিত হইয়া বা পুনঃসংযোজিত হইয়া নতুন সত্ত্বা সৃষ্টির মাধ্যমে পণ্য উৎপাদন করা যাইবে না;

(১০) উপরি-উক্ত শর্তাবলির পরিপালন এবং তফসিল মোতাবেক অনুমোদন সাপেক্ষে ১ জুলাই ২০২১ হইতে ৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ তারিখের মধ্যে বাণিজ্যিক উৎপাদন আরম্ভ করিয়াছে এমন কোম্পানি এই প্রজ্ঞাপনের সুবিধা প্রাপ্য হইবে।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

তফসিল

১। এই প্রজ্ঞাপনে উল্লিখিত অব্যাহতির সুযোগ গ্রহণ করিবার জন্য সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে এই প্রজ্ঞাপনে উল্লিখিত শর্তাবলি পরিপালন করা হইবে মর্মে নন-জুডিসিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ জাতীয় রাজস্ব বোর্ডের নিকট তফসিলের অনুচ্ছেদ ২ মোতাবেক আবেদন করিতে হইবে।

২। কোম্পানির ব্যবস্থাপনা পরিচালক নিম্নবর্ণিত আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রত্যয়ন এবং স্বাক্ষর করিয়া ২ (দুই) কপি জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবেন:

আবেদন পত্র

ক. কোম্পানির নাম, টিআইএন ও বিআইএন:
খ. কোম্পানির নিবন্ধনের তারিখ:
গ. কোম্পানির নিবন্ধিত অফিসের পূর্ণাঙ্গ ঠিকানা:
ঘ. প্রথম এলসি খোলার তারিখ (প্রযোজ্য ক্ষেত্রে):
ঙ. যন্ত্রপাতি স্থাপনের কাল এবং উৎপাদনের জন্য প্রস্তুত হইবার তারিখ:
চ. পরীক্ষামূলক উৎপাদনের কাল:
ছ. বাণিজ্যিক উৎপাদন আরম্ভের তারিখ:
জ. বিনিয়োগের পরিমাণ:
ঝ. পরিশোধিত মূলধনের পরিমাণ:
ঞ. অনুমোদিত মূলধনের পরিমাণ:
ট. কর্মচারীর সংখ্যা:
ঠ. গ্যাস বা বিদ্যুৎ সংযোগ গ্রহণের তারিখ:
ড. উৎপাদনকৃত পণ্যের তালিকা:
ঢ. পণ্যভিত্তিক উৎপাদনের কাঁচামাল:
ণ. কারখানার অবস্থান ও ঠিকানা:

তারিখ: ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

প্রতিপাদন এবং স্বাক্ষর

আমি..... সশ্রদ্ধচিত্তে ঘোষণা করিতেছি যে, এই রিটার্ন এবং সংযুক্ত তথ্য ও প্রমাণাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সঠিক ও সম্পূর্ণ।

তারিখ: ব্যবস্থাপনা পরিচালকের স্বাক্ষর

৩। আবেদনপত্রের সহিত আবশ্যিক সংযুক্তি:
ক. কোম্পানির নিবন্ধন সনদের কপি;
খ. ব্যবসা আরম্ভের সনদের কপি;
গ. কোম্পানির মেমোরেন্ডাম এবং আর্টিক্যাল অব এসোসিয়েশনের কপি;
ঘ. এই প্রজ্ঞাপনে উল্লিখিত কারখানা মূল্য সংযোজনের সপক্ষে মূসক ৪.৩ দাখিল;
ঙ. আবেদনের তারিখ পর্যন্ত কোম্পানির নিরীক্ষিত আর্থিক বিবরণী সমূহ;
চ. বিনিয়োগের বিস্তারিত বিবরণ;

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

ছ. ভাড়ায় বা লীজে বিল্ডিং, প্ল্যান্ট বা যন্ত্রপাতি ব্যবহৃত হইলে তাহার বিস্তারিত বিবরণ;
জ. পণ্যভিত্তিক উৎপাদনের কাঁচামাল এবং সরবরাহকারীর বিস্তারিত তালিকা।

৪। কোম্পানির আবেদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত কমিটি আবেদনের বিষয়ে অনুসন্ধান কার্যক্রম পরিচালনাপূর্বক অনুসন্ধান প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডের নিকট দাখিল করিবে-

(ক)	প্রথম সচিব (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	আহবায়ক
(খ)	সংশ্লিষ্ট উপ-কর কমিশনার	সদস্য
(গ)	যেকোনো কৃষি বিশ্ববিদ্যালয় হইতে একজন উপযুক্ত প্রতিনিধি	সদস্য
(ঘ)	দ্বিতীয় সচিব (কর আইন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা	সদস্য সচিব।

৫। পরিদর্শনের আদেশ প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তফসিল এর অনুচ্ছেদ ৪ এ উল্লিখিত কমিটি সংশ্লিষ্ট প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক পরিদর্শন প্রতিবেদন জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করিবে এবং উক্ত কমিটির আবেদনের প্রেক্ষিতে বোর্ড যৌক্তিক সময় বৃদ্ধি করিতে পারিবে।

৬। পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির পর জাতীয় রাজস্ব বোর্ড প্রতিবেদন বিবেচনাপূর্বক এই প্রজ্ঞাপনের শর্তাবলি যথাযথভাবে প্রতিপালিত হইয়াছে মর্মে সন্তুষ্ট হইলে, উক্ত প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সংশ্লিষ্ট উৎপাদনকারী প্রতিষ্ঠানকে অব্যাহতি সনদ প্রদান করিবে অথবা, ক্ষেত্রমত, আবেদন প্রত্যাখাত হইয়াছে মর্মে আবেদনকারীকে লিখিতভাবে অবহিত করিবে।

৭। দাখিলকৃত আবেদন প্রত্যাখাত হইলে আবেদনকারী জাতীয় রাজস্ব বোর্ডের সিদ্ধান্ত পুনর্বিবেচনা করিবার নিমিত্ত আবেদন করিতে পারিবে এবং উক্ত পুনর্বিবেচনার আবেদন দাখিলের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য পদমর্যাদার একজনকে আহবায়ক করিয়া তিন সদস্য বিশিষ্ট কমিটি আবেদনকারীকে শুনানীর সুযোগ প্রদানপূর্বক চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com